Bangladesh

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩১ (একত্রিশ) তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ১৪ অক্টোবর ২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | স্থায়ী কমিটির কোনো সুপারিশ সভায় উপস্থাপন করা হয়নি। এ ব্যাপারে যথাসময়ে স্থায়ী কমিটির সভা আয়োজনপূর্বক সংশ্লিষ্ট কমিটির সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ১৭ (সতেরো) টি স্থায়ী কমিটির সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে পুনরায় অনুরোধ করা হয় এবং ভাইস চেয়ারম্যানদ্বয় এ ব্যাপারে সভাকে ইতিবাচক আশ্বস্থ করেন। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ (যদি থাকে) সভায় উপস্থাপনের জন্য ভাইসচেয়ারম্যানদ্বয়কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিউটার ও ফটোকপিয়ার মেশিন মেরামত বাবদ ৩৫০০০/- (পঁয়ত্রিশ) হাজার টাকার বিল সভায় উপস্থাপন করা হয়। উপজেলা পরিষদের আনুষাঙ্গিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে কম্পিউটার, ফটোকপি মেশিনসহ অন্যান্য আনুষাঙ্গিক যন্ত্রপাতি নিয়মিতভাবে মেরামত করা জরুরী মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন, মেরামত ব্যয় বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, বিভিন্ন প্রকল্পের আওতায় উপজেলার নিম্নবর্ণিত রাস্তা সমূহের উল্লেখিত চেইনেজে বন্যায় বিধ্বস্ত বিদ্যমান কালভার্ট ও ফুটব্রীজ এর স্থলে নতুন ব্রীজ নির্মাণ করার জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। তিনি উক্ত রাস্তা সমূহের চেইনেজে বিধ্বস্ত ব্রীজ-কালভার্ট সমূহ কোটেশনের মাধ্যমে | (ক) প্রস্তাবিত বিধ্বস্ত ব্রিজ-কালভার্ট সমূহ দ্রুত বিধি মোতাবেক অপসারণ পূর্বক রাস্তার সংস্কার কাজ শুরু করার বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অপসারণের প্রস্তাব করেন।<br>১) গোয়াইনঘাট বাজার জিসি-রাধানগর বাজার জিসি-জাফলং বাজার রাস্তার ২৮৬৬ মি. চেইনেজে বিধ্বস্ত কালভার্ট<br>২) রাধানগর বাজার-বাউরবাগ হাওর-বাংলা বাজার রাস্তায় ৩১৭৫ মি. চেইনেজে বিধ্বস্ত ফুটব্রীজ<br>৩) পিরিজপুর-পশ্চিম জাফলং ইউপি অফিস-সোনারহাট-মনরতল বাজার রাস্তায় ২০৫১ মি. চেইনেজে বিধ্বস্ত ফুটব্রীজ<br>৪) কান্দিগ্রাম চিরুর পাড় রাস্তায় ২৭৫মি. চেইনেজে বিধ্বস্ত ফুটব্রীজ<br>৫) তোয়াকুল ইউপি অফিস-কুরিখলা রাস্তায় ২০৭৫ মি. চেইনেজে বিধ্বস্ত ফুটব্রীজ | | |
| | | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে মোতায়েনকৃত আনসার সদস্যদের আবাসন নির্মানে ১৫(পনের) লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে উপজেলা পরিষদের ২৫(পঁচিশ) তম মাসিক সভায় ২০২০-২১ অর্থ বছরে পর্যাপ্ত অর্থ না থাকায় ৪,৯৯,৮৩২/- (চার লক্ষ নিরানব্বই হাজার আটশত বত্রিশ) পরিশোধের মাধ্যমে আনসার ১ম পর্যায়ের সেডের কাজ শুরু করার এবং পর্যাপ্ত তহবিল সাপেক্ষে ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের অবশিষ্টাংশ অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আনসার সেডের অসমাপ্ত অংশ অবকাঠামোগত ২য় পর্যায়ের কাজ বাবদ ৪,৫০,০০০/- এবং উপজেলা আনসার সেড নির্মাণ অসমাপ্ত অংশ (৩য় পর্যায়)-ইলেক্ট্রিক ও স্যানিটারি বাবদ ৩,৫০,০০০/- সহ মোট ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | (খ) "উপজেলা আনসার সেড নির্মাণ অসমাপ্ত অংশ (২য় পর্যায়)-৪,৫০,০০০/-" ও "উপজেলা আনসার সেড নির্মাণ অসমাপ্ত অংশ (৩য় পর্যায়)-৩,৫০,০০০/-" নামীয় প্রকল্প গ্রহণ পূর্বক আরএফকিউ প্রদ্ধতিতে বাস্তবায়ন এবং কাজের বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে কাবিখা/টিআর কর্মসূচির আওতায় তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট বরাবরে প্রেরণ করা হয়েছে। | | |
| | | (ঘ) উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি সভায় জানান, চলমান ঠিকাদান কর্মসূচি উপলক্ষে স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিন বহু লোকের সমাগম হয়। ঠিকাদান কর্মসূচি সুশৃঙ্খলভাবে বাস্তবায়ন ও স্বাস্থ্য কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিতে স্থায়ীভাবে আনসার সদস্য কিংবা অন্য কোন আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন করা জরুরী। তিনি সভায় জানান, মাননীয় সংসদ সদস্য, সিলেট-৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রালয় স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনকালে বিভিন্ন মেরামত/সংস্কার কাজ জরুরী মর্মে এডিপি হতে প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের তাগিদ দেন। | (ঘ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উন্নয়নে ও সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রস্তাবনার আলোকে সরেজমিন যাচাই পূর্বক বিবেচনার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (ঙ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন বাসা-বাড়ির অবস্থা খুবই নাজুক। তিনি সভাকে জানান, চেয়ারম্যান, উপজেলা পরিষদের নির্দেশনা মোতাবেক প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বাসাবাড়িসমূহ সরেজমিন পরিদর্শনকালে নিম্নোক্ত ভবনসমূহ জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন মর্মে প্রতিয়মান হয়। এ লক্ষ্যে প্রস্তাবিত ভবনগুলো সংস্কারে প্রাক্কলন প্রস্তুত পূর্বক সদয় উপস্থাপন করা হয়।<br>১) স্টাফ কোয়ার্টার 'ডরমেটরি' ভবন- ৪,৮৬,৫৪১/-<br>২) স্টাফ কোয়ার্টার 'সুরমা' ভবন- ৭,৩২,৬৯৬/- | (ঙ) প্রস্তাবিত ভবনসমূহ জরুরী ভিত্তিতে মেরামতের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দ গ্রহণের জন্য পত্র প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩) গেজেটেড কোয়ার্টার 'গোয়াইন' ভবন- ১৬,৫৯,৭৭৬/-<br>৪) স্টাফ কোয়ার্টার 'কপোতাক্ষ' ভবন- ১৩,৭৮,৪৭৭/-<br>৫) স্টাফ কোয়ার্টার 'ধানসিড়ি' ভবন- ১৪,০৪,৫৫০/- | | |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, ৫নং পূর্ব আলীরগাঁও, ৬নং ফতেপুর, ৭নং নন্দিরগাঁও ও ৮নং তোয়াকুল ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে প্রাপ্ত আবেদনসমূহ বিধি মোতাবেক যাচাই-বাছাই পূর্বক ৫নং পূর্ব আলীরগাঁও ও ৬নং ফতেপুর ইউনিয়নের শূন্য পদে উপযুক্ত প্রার্থী পাওয়ায় নিয়োগ দেয়া হয়েছে এবং ৭নং নন্দিরগাঁও ও ৮নং তোয়াকুল ইউনিয়নের শূন্য পদে উপযুক্ত প্রার্থী না পাওয়ায় নিয়োগ প্রদান করা হয়নি। তিনি জানান, গ্রাম পুলিশের শূন্য পদে পরবর্তী পুনরায় নিয়োগ প্রদান করা হবে। | (চ) ইউনিয়ন পরিষদের কার্যক্রম ত্বরান্বিত ও ওয়ার্ডের আইন-শৃঙ্খলা রক্ষায় গ্রাম পুলিশের শূন্য পদে নিয়োগ প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় মার্কেট ভবন নির্মাণের লক্ষ্যে আরডিপিপি তে হাকুর বাজারের নাম অন্তর্ভূক্ত হয়েছে। তিনি সভাকে জানান, ইতোমধ্যে হাকুর বাজারে ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়সহ সরেজমিন পরিদর্শন পূর্বক হাট-বাজার ব্যবস্থাপনার কমিটির সমন্বয়ে স্থান নির্ধারণ করা হয়েছে। তিনি সভায় উপজেলা পরিষদের ৩০তম সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের নির্মাণাধীন বাসভবনের নিরাপত্তার লক্ষ্যে সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ১৬,৫৭,৮৪০/- (ষোল লক্ষ সাতান্ন হাজার আটশত চল্লিশ) টাকার প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | (ছ-১) বরাদ্দকৃত বাজারে ভবন নির্মাণ কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও ভূমি সংক্রান্ত বিষয়ে সমন্বয় পূর্বক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ-২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট এর নির্মাণাধীন বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক ১৬,৫৭,৮৪০/- (ষোল লক্ষ সাতান্ন হাজার আটশত চল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>উপজেলা নির্বাহী অফিসার |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নবনির্মিত উপজেলা হলরুমের চেয়ার-টেবিল না থাকায় প্রতি কর্মসূচিতে চেয়ার-টেবিল বাহির হতে সংগ্রহ করতে হয়। এতে কর্মসূচি বাস্তবায়নে বিড়ম্বনায় পড়তে হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চেয়ার-টেবিল ক্রয়ের জন্য সভায় প্রস্তাব করা হয়। | (জ) উপজেলা হলরুম এ আসবাবপত্র (চেয়ার-টেবিল) ক্রয়ের লক্ষ্যে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ছ) মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঝ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় বলেন, ২০২০-২১ অর্থ বছরে বন্যায় কয়েকটি রাস্তা ক্ষতিগ্রস্থ হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হলে তাৎক্ষনিকভাবে মেরামত কাজ করা হয়। পরবর্তীতে উক্ত কাজের আংশিক বিল বাবদ উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করা হয় এবং অবশিষ্টাংশ অর্থ ২০২১-২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়। | (ঝ) অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের ক্ষেত্রে যথাযথ প্রদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঞ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, উপজেলা অফিস কমপ্লেক্সের ৫টি পানির ট্যাংক ও পানির মটর মেরামত বাবদ ৬৮৭০/- (ছয় হাজার আটশত সত্তর) টাকার বিল সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান, উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন ড্রেইনে ময়লা-আবর্জনা জমে বন্ধ অবস্থায় থাকার কারণে চেয়ারম্যান, উপজেলা পরিষদের নির্দেশনা মোতাবেক উক্ত ড্রেইনগুলো পরিস্কার করা হয়েছে। তিনি এসকল ড্রেইন পরিস্কার কাজ বাবদ ৮০,৫০০/- (আশি হাজার পাঁচশত) টাকার বিল সভায় উপস্থাপন করা হয়। | (ঞ-১) পানির ট্যাংক ও মটর মেরামত বিল বাবদ ৬৮৭০/- (ছয় হাজার আটশত সত্তর) পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঞ-২) উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন ড্রেইন পরিস্কার বিল বাবদ ৮০,৫০০/- (আশি হাজার পাঁচশত) পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১০/২০২১

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৯৮৬ তারিখ : ১৪-১০-২০২১ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা.........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক........................................ ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.........................................................গোয়াইনঘাট, সিলেট।

১৪/১০/২১

(তাহমিলুর রহমান)
পরিচিতি নং- ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com